



অবিলম্বে প্রকাশের জন্য: 11/19/2025

গভর্নর ক্যাথি হোকল

রিটেইল চুরি মোকাবেলা: গভর্নর হোকল ঘোষণা করলেন নিউ ইয়র্ক স্টেট পুলিশের অর্গানাইজড রিটেইল থেফট টাস্ক ফোর্স 2.6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি চোরাই মাল উদ্ধার করেছে

পুরো স্টেটে 1,006টি অপারেশনের সাথে সম্পর্কিত 2,146টি ক্রিমিনাল চার্জের জন্য মোট 1,224 জনকে গ্রেফতার করা হয়েছে

100 জন নিবেদিত স্টেট পুলিশের কর্মী, ডিসট্রিক্ট অ্যাটর্নি এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিকে নিয়ে টাস্ক ফোর্স গঠিত হয়েছে

আগের বছরের তুলনায় নিউ ইয়র্ক সিটিতে খুচরা চুরি 13 শতাংশের বেশি কমেছে, বাকি স্টেটে লাসেনি 13 শতাংশ কমেছে

গভর্নর Hochul (হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) অর্গানাইজড রিটেইল থেফট টাস্ক ফোর্স (Organized Retail Theft Task Force) 2024 সালের এপ্রিল মাসে খুচরা চুরি ঠেকানোর নতুন উদ্যোগ শুরু করার পর থেকে পুরো স্টেটে 2.6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি চোরাই মাল উদ্ধার করেছে। 1,006টি অপারেশনে, স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা 1,224 জনকে গ্রেফতার করেছে এবং 2,146টি চার্জ দায়ের করেছে। মহামারীর সময় যে চুরি বেড়ে গিয়েছে তা সামাল দেওয়ার জন্য সমন্বিত, যোগ্য এই চেষ্টা আগের বছরের তুলনায়, অর্থাৎ জানুয়ারি থেকে জুন পর্যন্ত আগের বছরের একই সময়ের তুলনায়, নিউ ইয়র্ক সিটিতে (New York City) খুচরা বিক্রি 13.6 শতাংশ কমাতে এবং নিউ ইয়র্ক সিটির বাইরে লাসেনি 13 শতাংশ কমাতে সাহায্য করেছে।

"মহামারীর পর, নিউ ইয়র্কের (New York) খুচরা বিক্রেতারা অর্গানাইজড খুচরা চুরি অনেক বেশি বাড়তে দেখেছেন, সেজন্য আমরা আইন শৃঙ্খলা রক্ষায় বিনিয়োগ করেছি এবং দোষীদের দায়বদ্ধ করতে, কর্মীদের সুরক্ষা দিতে এবং আমাদের অর্থনীতির মেরুদণ্ড হয়ে থাকা ছোট ব্যবসার মালিকদের সমর্থন করতে আমাদের আইনকে জোরদার করেছি " **গভর্নর Hochul (হোকল) বলেন।** "স্টেট পুলিশের অর্গানাইজড রিটেইল থেফট টাস্ক ফোর্স, স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষায় আমাদের পার্টনার এবং পুরো স্টেটের ডিসট্রিক্ট অ্যাটর্নিদের কাজের কারণে আমরা আরো বেশি চোরাই মাল উদ্ধার করছি, আরো বেশি গ্রেফতার করছি এবং ভালো ফলাফল দেখছি।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট Steven G. James (স্টিভেন জি জেমস) বলেন, "খুচরা চুরি বেড়ে যাওয়া ঠেকাতে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সমন্বয়ে কাজ চালিয়ে যেতে পেরে নিউ ইয়র্ক স্টেট পুলিশ গর্বিত। খুচরা চুরি শুধুমাত্র আর্থিকভাবে ব্যবসার উপর প্রভাব ফেলে না, বরং ব্যবসার মালিক, খুচরা বিক্রির কর্মী এবং ক্রেতাদের জন্যও সমস্যা তৈরি করে। নিউ ইয়র্ক স্টেটে খুচরা চুরির ক্ষেত্রে নেতৃত্ব দিতে নিউ ইয়র্ক স্টেট পুলিশের প্রতি তার ধারাবাহিক আস্থা ও সমর্থনের জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

মহামারীর পর নিউ ইয়র্ক সিটিতে রিপোর্ট হওয়া খুচরা চুরির ঘটনা বেড়ে যায় এবং পুরো স্টেটে রিপোর্ট হওয়া লার্সেনি বেড়ে যাওয়ার পর, গভর্নর Hochul (হোকল) ডিসট্রিক্ট অ্যাটর্নির অফিস, স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী, এবং স্টেট পুলিশের অধীনে 100 জন নিবেদিত ট্রুপার নিয়ে গঠিত খুচরা চুরি বিক্রি সম্পর্কিত দলে 40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছেন। এছাড়াও তিনি আইন জোরদার করতে, দোষীদের দায়বদ্ধ করতে, খুচরা বিক্রির কর্মীদের সুরক্ষা দিতে এবং ছোট ব্যবসাগুলিকে সমর্থন করতে নতুন উদ্যোগ অগ্রসর করেছেন, যেমন:

- একজন খুচরা বিক্রির কর্মীর উপর হামলাকে একটি মিসডিমিনার থেকে বাড়িয়ে ফেলানি করা, যা নিশ্চিত করবে যে কাজ করার সময় একজন খুচরা বিক্রির কর্মীকে শারীরিকভাবে আহত করা ব্যক্তির বেশি ক্রিমিনাল পেনাল্টি হবে।
- লার্সেনির চার্জ ফাইল করার সময় প্রসিকিউটরদেরকে চুরি যাওয়া পণ্যের দাম যোগ করে হিসাব করতে দেওয়া, এবং একই অপরাধ চক্রান্তের অধীনে চুরি করা হলে একটি অপেক্ষাকৃত বড় লার্সেনি সীমাতে পৌঁছানোর উদ্দেশ্যে অনেকগুলি দোকান থেকে চুরি করা রিটেইল পণ্যকে একত্রিত করে হিসাব করার অনুমতি প্রদান করে।
- থার্ড পার্টি বিক্রেতাদের ধরার জন্য চোরাই মাল বিক্রির ব্যবস্থা করাকে অবৈধ করা।
- ছবি ব্যবসাগুলোকে বাড়তি নিরাপত্তা ব্যবস্থায় বিনিয়োগ করতে এবং আর্থিক চাপ কম করতে সাহায্য করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলারের ট্যাক্স ক্রেডিট নিশ্চিত করা।

[নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের সর্বশেষ রিপোর্ট করা অপরাধ ডেটাত্তে](#) দেখা যায় যে একাধিক অপরাধের ক্ষেত্রে সংখ্যা আগের বছরের তুলনায় কমেছে, যেমন সার্বিক অপরাধের অভিযোগ 3 শতাংশ কমেছে, খুনের ঘটনা 20.5 শতাংশ কমেছে, গুলির ঘটনা 23.2 শতাংশ কমেছে, এবং ডাকাতির ঘটনা 9.5 শতাংশ কমেছে।

Downtown Brooklyn Partnership-এর প্রেসিডেন্ট Regina Mayer (রেজিনা মায়ার) বলেন, "আইকনিক Fulton Mall খুচরা বিক্রির করিডোরের স্টুয়ার্ড হিসেবে আমরা নিজেদের অভিভূত থেকে জানি যে আমাদের ডাউনটাউনকে সমৃদ্ধ করা ব্যবসার জন্য খুচরা চুরি কতটা ক্ষতিকর হতে পারে। রিটেইল থেফট টাস্ক ফোর্স দিয়ে পুরো নিউ ইয়র্ক স্টেটের ব্যবসাগুলিকে সুরক্ষিত রাখতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির আমরা প্রশংসা করছি এবং ডাউনটাউন ব্রুকলিনে (Brooklyn) খুচরা বিক্রেতাদের সমর্থন করতে আমাদের কাজ চালিয়ে যেতে আগ্রহী।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)